



বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
মুন্সীগঞ্জ
www.ecs.gov.bd

তারিখঃ ১০/০৯/২০২৫খ্রি.

নং-১৭.০২.৫৯০০.০০০.৪৪.০০২.২৫- ৬৭৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন সচিবালয়ের ১৯ আগস্ট ২০২৫ তারিখের ১৭.০০.০০০০.০২৫.৪৪.০০৬.২৫-৫১৫ নম্বর পত্রের নির্দেশনা অনুযায়ী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে মুন্সীগঞ্জ জেলার ০৩টি নির্বাচনী এলাকার (১৭০ মুন্সীগঞ্জ-১, ১৭১ মুন্সীগঞ্জ-২ এবং ১৭২ মুন্সীগঞ্জ-৩) খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ করা হলো। খসড়া ভোটকেন্দ্রের তালিকাসমূহ নিম্নবর্ণিত সময়সূচি অনুসারে চূড়ান্তকরণ করা হবে।

ক)	খসড়া ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ	:	১০ সেপ্টেম্বর, ২০২৫
খ)	খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর দাবী/আপত্তি গ্রহণের শেষ তারিখ	:	২৫ সেপ্টেম্বর, ২০২৫
গ)	প্রাপ্ত দাবী/আপত্তি নিষ্পত্তির শেষ তারিখ	:	১২ অক্টোবর, ২০২৫
ঘ)	খসড়া ভোটকেন্দ্রের সম্ভাব্য তালিকা চূড়ান্তকরণ	:	২০ অক্টোবর, ২০২৫

২। উক্ত খসড়া ভোটকেন্দ্রের তালিকাসমূহ জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ, জেলা নির্বাচন কর্মকর্তা, মুন্সীগঞ্জ, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় (সকল), মুন্সীগঞ্জ ও উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় (সংশ্লিষ্ট), মুন্সীগঞ্জ এর নোটিশ বোর্ড এবং উপজেলা পরিষদ, পৌরসভা ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

৩। খসড়া ভোটকেন্দ্রের তালিকার উপর যদি কারো কোন দাবী/আপত্তি/সুপারিশ থাকে তবে তা জেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয়, মুন্সীগঞ্জ অথবা উপজেলা নির্বাচন কর্মকর্তার কার্যালয় (সংশ্লিষ্ট), মুন্সীগঞ্জ বরাবর প্রয়োজনীয় দলিলাদিসহ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে লিখিতভাবে দাখিল করতে হবে।

৪। নির্ধারিত তারিখ ও সময়সীমার পর প্রাপ্ত আবেদনসমূহ বিবেচনার অযোগ্য বলে গণ্য হবে।


10.09.25
(মোহাম্মদ জসিম উদ্দিন)
জেলা নির্বাচন অফিসার
মুন্সীগঞ্জ
ফোনঃ ০২-৯৯৭৭৩৩২২৬
তারিখঃ ১০/০৯/২০২৫খ্রি.

নং-১৭.০২.৫৯০০.০০০.৪৪.০০২.২৫-

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, (নি: স:-১)।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ৪। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ।
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
- ৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), মুন্সীগঞ্জ।
- ৯। উপজেলা নির্বাচন অফিসার, (সকল), মুন্সীগঞ্জ (নিজ কার্যালয়সহ উল্লিখিত সকল কার্যালয়ে পৌঁছানো ও গুরুত্বপূর্ণ স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো)
- ১০। অফিসার ইনচার্জ, (সকল থানা), মুন্সীগঞ্জ।
- ১১। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব.....(সকল), মুন্সীগঞ্জ।
- ১২। অফিস নোটিশ বোর্ড।

জেলা নির্বাচন অফিসার
মুন্সীগঞ্জ